(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নংঃ বায়রা/৩(৯)/২০২৫/১১৬

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩১
০৫ মার্চ ২০২৫

প্রাপক :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ **লেবাননে কর্মী প্রেরণ সংক্রান্ত স্থগিতাদেশ প্রত্যাহার প্রসঙ্গে।**

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং-৪৯.০০.০০০০.১০২.১১.০০২.১৫.৯৩, তারিখ: ০৪ মার্চ ২০২৫ খ্রি. (সংযুক্তি)

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, লেবানন গমনেচ্ছুক কর্মীদের স্থগিতাদেশ প্রত্যাহার সংক্রান্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনা পত্রটি এদতসংগে প্রেরণ পূর্বক সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ২ পাতা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ
১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

| বায়রা সচিবালয়, ঢাকা | |
|---|---|
| সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/............. | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.. | |
| রিসেপশনিষ্ট | |
| ডকেট/ডায়েরী নং ৩৬৭ | |
| তারিখ ও সময় ০৫/৩/২৫ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
কর্মসংস্থান-০২ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১১.০০২.১৫.৯৩

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: লেবাননে কর্মী প্রেরণ সংক্রান্ত স্থগিতাদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ দূতাবাস, লেবাননের এর পত্র নং- বিইবি/লেবানন/কল্যাণ/বিবিধ/২০২৪/৩৩৬; তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের ১৩-০৮-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.১০২.১১.০০২.১৫.৫০৩ নং স্মারকে জারিকৃত (কপি সংযুক্ত) লেবানন গমনেচ্ছুক কর্মীদের স্থগিতাদেশ সংক্রান্ত বিষয়টি বাংলাদেশ দূতাবাসের পরামর্শ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে প্রত্যাহার করা হলো:

শর্তসমূহ:

(১) অবশ্যই প্রতিটি চাহিদাপত্র (Demand Letter) লেবাননস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়নকৃত হতে হবে;
(২) ইসরায়েল এর সীমান্তবর্তী লেবাননের দক্ষিণাঞ্চল ব্যতীত অন্যান্য উপযুক্ত কর্মপরিবেশ বিরাজমান এলাকায় কর্মী প্রেরণ করতে হবে;

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা

০৪.০৩.২০২৫
(হাছিনা বেগম)
উপসচিব
ফোন: ০২-৪১০৩০২৫২
ইমেইল: sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
০২। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), ঢাকা।
০৪। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [মাননীয় উপদেষ্টার সদয় জ্ঞাতার্থে]।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]।
০৬। সভাপতি/মহাসচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
০৭। যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [যুগ্মসচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]।
০৮। অফিস কপি।

স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
কর্মসংস্থান-০২ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১১.০০২.১৫.৫০৩

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: লেবাননের সামগ্রিক অবনতিশীল নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় এই অনিশ্চিত সময়ে বাংলাদেশ হতে লেবাননে গমনেচ্ছুক কর্মীদের লেবাননে ভ্রমন না করার বিষয়ে পরামর্শ প্রদান।

সূত্র: বাংলাদেশ দূতাবাস, লেবাননের স্মারক নং- বিইবি/লেবানন/কল্যাণ/বিবিধ/২০২৪/৩৩৫; তারিখ: ০৮ আগস্ট ২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে লেবানন-ইসরাইল সীমান্তে চলমান অবনতিমূলক সাংঘর্ষিক পরিস্থিতিতে লেবাননে বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন এবং অনারারী কনস্যুলেটসমূহ তাদের কার্যক্রম স্থগিত অথবা সীমিত করেছে। পাশাপাশি লেবাননে বসবাসরত বিভিন্ন দেশের নাগরিকদের অতিসত্বর লেবানন ত্যাগের পরামর্শ দেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যে, ফ্রান্স, অস্ট্রেলিয়া, কানাডা ও জার্মানিসহ বিভিন্ন দেশ লেবাননগামী ফ্লাইট বন্ধ রেখেছে। এছাড়াও বিভিন্ন দূতাবাস হতে সংশ্লিষ্ট দেশের নাগরিকদের লেবানন ভ্রমণ পরিহার করার জন্য নিয়মিতভাবে পরামর্শ দেওয়া হচ্ছে।

০২। এমতাবস্থায়, লেবাননের সামগ্রিক অবনতিশীল নিরাপত্তা পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত বাংলাদেশ হতে লেবাননে গমনেচ্ছুক কর্মীদের লেবাননে গমন না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা

১৩/০৮/২০২৪

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ০২-৪১০৩০২৫২
ইমেইল: sasemployment2@probashi.gov.bd

১. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকাএ
৩. সভাপতি/মহাসচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
০২। মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় (মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।